গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
প্রশিক্ষণ শাখা
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা।
www.niyd.gov.bd

# ডিপ্লোমা কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকায় নিম্নবর্ণিত ডিপ্লোমা কোর্সে ভর্তির জন্য সমগ্র বাংলাদেশের ১৮ থেকে ৩৫ বছর বয়সি যুব ও যুবনারীদের নিকট থেকে www.niyd.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে (https://admission.univadmin.info লিংকে) আবেদন আহবান করা হচ্ছে:

| ক্র. নং | কোর্সের নাম | মেয়াদ | আবেদন ফি | ভর্তি ফি (ভর্তির সময়) | জামানত ফি (ভর্তির সময়) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | Diploma in ICT | ০৬ মাস | ১০০/- + চার্জ (অফেরতযোগ্য) | ২০০০/- (অফেরতযোগ্য) | ১০০০/- (ফেরতযোগ্য) | নূন্যতম এইচ.এস.সি/সমমান পাস |
| ০২ | Diploma in Web Application and Web Development | ০৬ মাস | ১০০/- + চার্জ (অফেরতযোগ্য) | ২০০০/- (অফেরতযোগ্য) | ১০০০/- (ফেরতযোগ্য) | নূন্যতম এইচ.এস.সি/সমমান পাস |
| ০৩ | Diploma in Tourism and Hospitality Management | ০৬ মাস | ১০০/- + চার্জ (অফেরতযোগ্য) | ২০০০/- (অফেরতযোগ্য) | ১০০০/- (ফেরতযোগ্য) | নূন্যতম এইচ.এস.সি/সমমান পাস |

**কোর্সটি সম্পূর্ণ আবাসিক। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ, আবাসন, আপ্যায়ন খরচ এবং যাতায়াত ভাতা (নির্বাহী কাউন্সিল নির্ধারিত হারে) সরকারি ব্যয়ে নির্বাহ করা হবে।**

০১। শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম এইচ.এস.সি পাশ।

০২। ১ ও ২ নং ক্রমিকে বর্ণিত কোর্সে Computer Office Application এবং বেসিক কম্পিউটার বিষয়ে জ্ঞান থাকা আবশ্যক। সরকারি প্রতিষ্ঠান/ কারিগরি শিক্ষা বোর্ড প্রদত্ত Computer Office Application ও বেসিক কম্পিউটার বিষয়ে সার্টিফিকেটধারীগণ অগ্রাধিকার পাবেন।

০৩। আবেদনের সময় পাসপোর্ট সাইজের ছবি, NID-র কপি শিক্ষাগত যোগ্যতা ও প্রযোজ্য ক্ষেত্রে বেসিক কম্পিউটার কোর্সের সনদপত্রের স্ক্যান কপি সংযুক্ত করতে হবে।

০৪। **আবেদনের শেষ তারিখ ও সময়: ২২-০৮-২০২৬ তারিখ রাত ১২:০০ ঘটিকার মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।**

০৫। ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ : ২৫-০৮-২০২৬ এবং চূড়ান্তভাবে নির্বাচিতদের তালিকা ৩০-০৮-২০২৬ তারিখ জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের www.niyd.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

০৬। **ভর্তি শুরুর সম্ভাব্য তারিখ : ০৭-০৯-২০২৬।**

০৭। কোর্সে অংশগ্রহণের জন্য ১ ও ২ নং ক্রমিকের ক্ষেত্রে বেসিক কম্পিউটার কোর্স বিষয়ে এবং ৩ নং ক্রমিকের ক্ষেত্রে ইংরেজি ও বাংলাদেশের পর্যটন বিষয়ে ভর্তি পরীক্ষা নেয়া হবে।

০৮। ইতঃপূর্বে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট হতে যারা কোন কোর্স সম্পন্ন করেছেন, তাদের আবেদন দাখিলের প্রয়োজন নেই।

০৯। প্রশিক্ষণটি সম্পূর্ণরূপে আবাসিক এবং আবাসিকে অবস্থান বাধ্যতামূলক হওয়ায় কোর্স চলাকালীন একাডেমিক পরীক্ষা/নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত আবেদন বিবেচনাযোগ্য হবে না। এ কারণে অধ্যয়নরতদের আবেদন দাখিলের প্রয়োজন নেই।

১০। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ /ডিএ প্রদান করা হবে না।

১১। উপর্যুক্ত বিষয়ে যে কোন ধরণের পরিবর্তন, পরিমার্জন, সংশোধন, সংযোজন ও বিয়োজন এর ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে বিবেচিত হবে।

জান্নাতুল নাইম
উপপরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা)
(সিনিয়র সহকারী সচিব)
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
প্রশিক্ষণ শাখা
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা।
www.niyd.gov.bd

# প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকায় আগামী ০৭ আগস্ট, ২০২৬ তারিখ হতে নিম্নবর্ণিত ০৪ (চার) সপ্তাহ মেয়াদি ০২টি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে।

| নং | কোর্সের নাম | মেয়াদ | আবেদন ফি | ভর্তি ফি (ভর্তির সময়) | জামানত ফি (ভর্তির সময়) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | English Language & Business Communication (33rd Batch) | ০৪ (চার) সপ্তাহ | ১০০/- + চার্জ (অফেরতযোগ্য) | ৫০০/- (অফেরতযোগ্য) | ১০০০/- (ফেরতযোগ্য) | নূন্যতম এইচ.এস.সি/সমমান পাস |
| ০২ | Modern Agriculture and Entrepreneurship Development (04th Batch) | ০৪ (চার) সপ্তাহ | ১০০/- + চার্জ (অফেরতযোগ্য) | ৫০০/- (অফেরতযোগ্য) | ১০০০/- (ফেরতযোগ্য) | নূন্যতম এইচ.এস.সি/সমমান পাস |

**কোর্সটি সম্পূর্ণ আবাসিক। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ, আবাসন, আপ্যায়ন খরচ এবং যাতায়াত ভাতা (নির্বাহী কাউন্সিল নির্ধারিত হারে) সরকারি ব্যয়ে নির্বাহ করা হবে।**

০২। ছকে উল্লিখিত শর্তানুযায়ী সমগ্র বাংলাদেশের ১৮ থেকে ৩৫ বছর বয়সি আগ্রহী যুব ও যুবনারীদের নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা হচ্ছে। আগ্রহী প্রার্থীগণকে আগামী ০১ আগস্ট, ২০২৬ তারিখের মধ্যে https://admission.univadmin.info লিংকে প্রবেশ করে আবেদন ফি বাবদ ( ১০০/- + চার্জ) জমা পূর্বক আবেদন ফর্ম পূরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

**অনলাইনে আবেদনের ফরম পূরণের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস (সফট কপি):**
(১) শিক্ষাগত যোগ্যতার সনদ;
(২) এনআইডি;
(৩) পাসপোর্ট সাইজের ছবি;

০৩। ইতঃপূর্বে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকায় যে সকল যুব/যুবনারী কোনো কোর্সে অংশগ্রহণ করেছেন, তাদের আবেদন নিরুৎসাহিত করা হচ্ছে। বর্তমানে যে সকল যুব ও যুবনারী বেকার কোন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত নয়/ ইতঃপূর্বে কোন প্রশিক্ষণ গ্রহণ করেননি ও প্রশিক্ষণ গ্রহণে ইচ্ছুক এরূপ নতুন প্রার্থীগণকে আবশ্যিকভাবে অগ্রাধিকার প্রদান করা হবে।

০৪। নির্বাচিত প্রার্থীগণের তালিকা আগামী ০২ আগস্ট, ২০২৬ খ্রি. তারিখ রোজ রবিবার জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ওয়েবসাইট www.niyd.gov.bd এ প্রকাশ করা হবে।

০৫। উপর্যুক্ত বিষয়ে যে কোন ধরণের পরিবর্তন, পরিমার্জন, সংশোধন, সংযোজন ও বিয়োজন এর ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে বিবেচিত হবে।

জান্নাতুল নাইম
উপপরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা)
(সিনিয়র সহকারী সচিব)
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।